দৈনিক খবর

তারিখ 23 OCT 1991 পৃষ্ঠা ২ কলাম ৬

1609

স্বরাষ্ট্র মন্ত্রীর বিশেষ বৈঠক

# সন্ত্রাস রুখতে সবার সাহায্য দরকার

বাসস জানায়, স্বরাষ্ট্রমন্ত্রী আবদুল মতিন চৌধুরী গতকাল মঙ্গলবার সচিবালয়ে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, ডীন ও সিনেটের সদস্যবৃন্দ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও পুলিশের পদস্থ

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে

## সন্ত্রাস রুখতে

প্রথম পৃষ্ঠার পর

কর্মকর্তাদের সাথে বুয়েট পরিস্থিতি সম্পর্কে আলোচনাকালে শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস ও সহিংসতা নির্মূল করতে কঠোরতম ব্যবস্থা গ্রহণে সরকারের দৃঢ় সংকল্পের কথা ব্যক্ত করে এ ব্যাপারে সরকারকে পূর্ণ সমর্থন ও সহযোগিতা করার জন্য জনগণের প্রতি আহবান জানিয়েছেন।

বৈঠকে বুয়েটের সর্বশেষ পরিস্থিতি এবং সহিংসতা রোধের বিভিন্ন ব্যবস্থা সম্পর্কে বিশদভাবে আলোচনা করা হয়।

স্বরাষ্ট্রমন্ত্রী দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার পরিবেশ পুনরুদ্ধার ও বজায় রাখার প্রয়োজনীয়তার ওপর জোর দেন। তিনি দ্ব্যর্থহীন ভাষায় বলেন যে, রাজনৈতিক পরিচয় নির্বিশেষে সন্ত্রাসীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণে সরকার দ্বিধা করবেন না।

ক্যাম্পাসের সন্ত্রাসকে জঘন্য অপরাধ হিসেবে বর্ণনা করে স্বরাষ্ট্রমন্ত্রী এর নির্মূলকরণে সবাইকে এগিয়ে আসার আহবান জানান।

বুয়েটের উপাচার্য এবং শিক্ষকরা আলোচনায় অংশ নেন এবং এ ব্যাপারে সরকারের প্রতি তাদের পূর্ণ সহযোগিতার আশ্বাস দেন।